# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৫১. সন্তুষ্টিতেই নিরাপত্তা

সন্তুষ্টি আত্মাকে নিরাপত্তা দেয়। ফলে সন্তুষ্ট-চিত্ত বা আত্মা হয় সুস্থ, ধোকা, দুর্নীতি এবং হিংসা-বিদ্বেষমুক্ত এবং সুস্থ আত্মাই আল্লাহর শাস্তি থেকে নিরাপদ থাকবে। যে আত্মা সন্দেহ, কুফুরি ও শয়তানের বিভিন্ন চাল থেকে মুক্ত সে আত্মাই সুস্থ আত্মা। এ ধরনের আত্মা আল্লাহকে কিভাবে খুশি করা যাবে একমাত্র সে বিষয়েই সংশ্লিষ্ট থাকে।

“(হে মুহাম্মদ!) আপনি বলে দিন, আল্লাহ (এটি অবতীর্ণ করেছেন), অতঃপর তাদেরকে তাদের নিরর্থক কথাবার্তার খেল-তামাশায় ছেড়ে দিন।” (৬-সূরা আল আন’আমঃ আয়াত-৯১)

তিক্ততা ও বিরক্তি সুস্থ আত্মার নিকট অপরিচিত আর সে কারণেই যে ব্যক্তি আল্লাহর বিধানের প্রতি যত বেশি সন্তুষ্ট তার আত্মা তত বেশি সুস্থ হবে। শয়তানি, দুর্নীতি ও প্রতারণা অসন্তোষের সঙ্গী হয় অথচ সন্তোষের সঙ্গী হয় সুস্থ আত্মা, ধার্মিকতা এবং একনিষ্ঠতা। হিংসাও অসন্তোষের আরেকটি ফল।

আল্লাহর প্রতি সন্তুষ্ট হওয়া এমন গুণ, যা বিশুদ্ধ ইসলামী তাওহীদের বাগানে একনিষ্ঠতার পানিতে পুষ্ট ভালো বৃক্ষের মতো। এর মূল হলো ঈমান ও এর শাখা প্রশাখা আমলে সালেহসমূহ। এটাও মিষ্ট ফলবাহী বৃক্ষ। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন-

ذَاقَ طَعْمَ الإيمانِ مَنْ رَضِيَ بالله ربًّا وبالإسلام دينًا وبمحمَّدٍ نَّبِيًّا

ভাবার্থঃ “ঈমানের স্বাদ সে ব্যক্তি গ্রহণ করল যে নাকি রব (প্রভু বা প্রতিপালক) হিসেবে আল্লাহ্‌র প্রতি, ধর্ম বা দ্বীন হিসেবে ইসলামের প্রতি এবং নবী হিসেবে মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতি সন্তুষ্ট হলো।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7759

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন